

ডাটাবেজ ব্যাকআপ অটো পার্টিয়ে দিন ইমেইলে

টিউন করেছেন : DHmart.info | প্রকাশিত হয়েছে : ১৮ জুলাই, ২০১১ | 297 বার দেখা হয়েছে | ❤️11

আমি এর আগে আপনাদের সাথে শেয়ার করেছিলাম ডাটাবেজের অটোব্যাক স্ক্রিপ্ট যার মাধ্যমে আপনার সাইটের অটোমেটিক রিমোট ব্যাক আপ নিতে পারবেন। আজকে আমি আপনাদের সাথে শেয়ার করব কিভাবে আপনার ডাটাবেজের ব্যাকআপ আপনার ইমেইলে পার্টিয়ে দিবেন।

প্রথমেই [Backup2email](http://www.backup2mail.com/) <http://www.backup2mail.com/> স্ক্রিপ্টটি ডাউনলোড করে নিন। ডাউনলোড করতে [এই লিংকে](http://www.backup2mail.com/download/backup2mail.zip) <http://www.backup2mail.com/download/backup2mail.zip> ক্লিক করুন। ডাউনশেষ চোখের পলকেই শেষ হবে কারণ ফাইল সাইজ মাত্র কয়েক কিলোবাইট।

এখন ফাইলটি আনজিপ করুন। তারপর index.php ফাইলটি নোটপেডে ওপেন করুন। তারপর নিচের কোডের মতো লেখা পাবেন সেগুলো আপনার সেটিংস অনুযায়ী কনফিগার করে নিন।

```
1 /*****
2 Database settings
3 *****/
4 $db_server = 'localhost'; // Database server, usually "localhost",
5 // on (mt) servers something like internal-db.s12345.gridserver.com
6 $db_name = 'database'; // Database name, leave empty for 'all databases'
7 $db_user = 'username'; // Database username
8 $db_pass = 'password'; // Database password
9 *****/
10 E-mail settings
11 *****/
12 $website = 'backup2mail.com'; // Your site's domain (without www. part)
13 $send_to = '<a href="mailto:you@gmail.com">you@gmail.com</a>'; // backup
14 file will be sent to?
15 $from = 'real.address@' . $website; // some hosting providers won't let you
16 send backups from invalid e-mail address
17 *****/
18 Misc options
19 *****/
20 $full_path = '/home/username/public_html/backup';
21 // Full path to folder where you are running the script, usually
22 "/home/username/public_html"
23 // (mt) servers have something like
24 "/nfs/c01/h01/mnt/12345/domains/yourdomain.mobi/html/tools/backup2mail"
```

আপনি যদি সিপ্যানেল হোস্টিং ব্যবহার করেন তাহলে আপনার ডাটাবেজ সার্ভার/হোস্ট হবে localhost আর ফ্রি হোস্টিং প্যানেল ব্যবহার করতে সাধারণত mysql.yourhostserver.com এই টাইপের হয়।

তারপর আপনার ডাটাবেজের নাম, ডাটাবেজ ইউজারনেম ও পাসওয়ার্ড দিন।

তারপর আপনার ওয়েবসাইটের নাম এবং যে মেইলে ব্যাকআপটা প্রেরণ করবেন তা লিখুন।


ফুল পথ এ /home/ এর পর ইউজার নেমের জায়গায় আপনার সিপ্যানেল ইউজার নেম লিখুন। তারপর সেভ করে ক্লোজ করে ফেলুন ফাইলটা।

এখন সিপ্যানেলে লগিন করুন। তারপর ফাইল ম্যানেজারে ক্লিক করে public_html এ প্রবেশ করুন। তারপর backup নাম দিয়ে একটা ফোল্ডার তৈরি করুন। তারপর backup এর ভিতর

.htaccess
backup_log.txt
index.php

এই তিনটি ফাইল আপলোড করুন।

এখন কাজ হচ্ছে cronjob সেটাপ দেয়া। সিপ্যানেলের একদম নিচে দেখুন cronjobs নামের একটা আইকন আছে তাতে ক্লিক করুন।




The screenshot shows the cPanel interface. On the left, there's a 'Server Information' section with details like Perl version 5.8.8, Kernel version 2.6.18-338.5.1.el5.lve0.8.25, and cPanel Pro 1.0 (RC1). On the right, the 'Advanced' section contains various icons for system management. The 'Cron jobs' icon, which depicts a calendar, is highlighted with a red rectangular box, and a red arrow points to it from below. Other icons include Apache Handlers, Image Manager, Index Manager, Error pages, FrontPage® Extensions, Network Tools, Submit a Support Request, Virus Scanner, and MIME Types. At the bottom of the interface, there are navigation links: Home, Trademarks, Help, Documentation, Contact, and Logout.

তারপর Common Settings: এ once a day সিলেক্ট করুন।

Command: বক্সে লিখুন `php -q/home/username/public_html/backup/index.php`

Add New Cron Job



The screenshot shows the 'Add New Cron Job' form. It has several fields for configuring the cron job:

- Common Settings:** A dropdown menu set to 'Once a day (0 0 ***)'.
- Minute:** Input field '0' and a dropdown menu ':00 top of the hour (0)' with a green checkmark.
- Hour:** Input field '0' and a dropdown menu '12:00 a.m. midnight (0)' with a green checkmark.
- Day:** Input field '*' and a dropdown menu 'Every day (*)' with a green checkmark.
- Month:** Input field '*' and a dropdown menu 'Every month (*)' with a green checkmark.
- Weekday:** Input field '*' and a dropdown menu 'Every weekday (*)' with a green checkmark.
- Command:** Input field containing the command `q/home/username/public_html/backup/index.php` with a green checkmark.

At the bottom of the form, there is a button labeled 'Add New Cron Job'.

ইউজার নেম টা আপনার সিপ্যানেল ইউজার নেম দিয়ে পরিবর্তন করে নিতে ভুলবেন না।

তারপর Add New Cron Job এ ক্লিক দিন। কাজ শেষ। এখন প্রতিদিন আপনার ইমেইলে ব্যাকআপ চলে যাবে।

তবে আপনার ডাটাবেজ এর সাইজ যদি জিপ করার পর ২০ এমবি'র বেশি হয় তাহলে ইমেইলে ব্যাকআপটা এটাচ হবে না।